মোহাম্মদ বেলায়েত হোসেন
সচিব , বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জীবন বৃত্তান্ত

মোহাম্মদ বেলায়েত হোসেন বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৫ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি জুন ০১, ১৯৬২ খ্রিষ্টাব্দ তারিখ নোয়াখালী জেলাধীন বেগমগঞ্জ উপজেলার হাজীপুর গ্রামে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম হাজী কামাল উদ্দিন ছিলেন একজন বীর মুক্তিযোদ্ধা; সমাজ হিতৈষী, ব্যবসায়ী ও স্থানীয় সরকার পরিষদের জনপ্রতিনিধি।তাঁর মাতা মনোয়ারা বেগম আট সন্তানের গর্বিত জননী, তিনি ২০১৮ সালের ১৩ মে 'গরবিনী মা' হিসেবে ইউনিভার্সাল মেডিক্যাল কলেজ হাসপাতাল কর্তৃক সম্মাননা লাভ করেন। এ বিষয়ে আন্তর্জাতিক মা দিবস উপলক্ষে গত ১২ মে ২০১৮ তারিখে প্রথম আলো পত্রিকায় প্রতিবেদন প্রকাশিত হয়।

তিনি বিসিএস প্রশাসন ক্যাডারের সদস্য হিসেবে ১৫ ফেব্রুয়ারি ১৯৮৮ খ্রিষ্টাব্দ তারিখে সিরাজগঞ্জ কালেক্টরেটে সহকারী কমিশনার পদে সরকারি চাকরিতে প্রবেশ করেন। তিনি ১৯৯২ সালে উপজেলা ম্যাজিস্ট্রেট হিসেবে জয়পুরহাটের কালাই ও ক্ষেতলাল উপজেলায়, ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে জয়পুরহাট কালেক্টরেটে, নেজারত ডেপুটি কালেক্টর হিসেবে সিরাজগঞ্জ, কুড়িগ্রাম ও মানিকগঞ্জ জেলায় কর্মরত ছিলেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার হিসেবে ১৯৯৯ এর আগষ্ট থেকে ২০০১ সালের অক্টোবর পর্যন্ত ব্রাহ্মবাড়িয়ার নাসিরনগর উপজেলায় এবং অক্টোবর ২০০১ থেকে অক্টোবর ২০০৩ সাল পর্যন্ত সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলায় কর্মরত ছিলেন। তিনি ২০০৩ সালের অক্টোবর মাসে অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে যশোর জেলা প্রশাসকের কার্যালয়ে যোগদান করেন। তিনি মে,২০০৬ থেকে জুলাই,২০০৬ পর্যন্ত যশোরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক এবং জীবন বীমা কর্পোরেশনের জেনারেল ম্যানেজার প্রশাসন ও উন্নয়ন হিসেবে অক্টোবর ২০০৮ থেকে জানুয়ারি ২০১২ পর্যন্ত দায়িত্ব পালন করেন।

তিনি নভেম্বর ২০০৬ থেকে অক্টোবর ২০০৮ পর্যন্ত জেলা প্রশাসক, ভোলা, হিসেবে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। গত জানুয়ারি ২০১২ থেকে জুন ২০১৯ তারিখ পর্যন্ত সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব (উন্নয়ন) হিসেবে দায়িত্ব পালন করেন। মোহাম্মদ বেলায়েত হোসেন প্রশাসনের বিভিন্ন স্তরে নিষ্ঠা ও সুনামের সাথে নিজ দায়িত্ব পালন করেছেন। বিগত ২৭ জুন ২০১৯ তারিখ থেকে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে ভারপ্রাপ্ত সচিব হিসেবে যোগদান করেন। বর্তমানে তিনি ০১/০৯/২০১৯ তারিখ হতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব হিসেবে দক্ষতার সাথে দায়িত্ব পালন করে আসছেন।

তিনি যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, থাইল্যান্ড, সিংগাপুর, দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ড, ভিয়েতনাম, ভারত, ভুটান, জার্মানী, ফ্রান্স, সুইডেনে সরকারি কাজের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি দুই পুত্র সন্তানের জনক। তাঁর বড় ছেলে সালিম সাদমান সময় এমআইএসটি থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ডিগ্রী অর্জন করেছেন, ছোট ছেলে শাকির আদনান প্রত্যয় ইসলামিক ইউনির্ভাসিটি অব টেকনোলজি (আইইউটি)-তে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ৩য় বর্ষে অধ্যয়নরত। তাঁর স্ত্রী সৈয়দা শারমিন বেলায়েত একজন সুগৃহিণী।